



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোনঃ ০৮১-৭০০৪৫, ফ্যাক্স : ০৮১-৭০০৩৫, ই-মেইলঃ registrarcou@gmail.com, ওয়েবসাইটঃ cou.ac.bd

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কমিটির গত ২৪/০৯/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী :

সভার স্থান : কনফারেন্স কক্ষ (প্রশাসনিক ভবন), কু. বি.
সভার তারিখ : ২৪/০৯/২০২৩ খ্রি.
সময় : দুপুর ১২:০০ টা

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স কক্ষে (প্রশাসনিক ভবন) গত ২৪/০৯/২০২৩ খ্রি. তারিখে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় নিম্নবর্ণিত শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

| | | |
|----|---|----------------------|
| ১। | ডিন, প্রকৌশল অনুসদ, কু.বি. | আহ্বায়ক |
| ২। | বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ, কু. বি. | সদস্য |
| ৩। | অধ্যাপক ড. শেখ মকছেদুর রহমান, ব্যবস্থাপনা শিক্ষা বিভাগ, কু. বি. | সদস্য |
| ৪। | জনাব এন এম রবিউল আউয়াল চৌধুরী, সহযোগী অধ্যাপক, নৃবিজ্ঞান বিভাগ, কু.বি. | সদস্য |
| ৫। | জনাব এস. এম. শহিদুল হাসান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কু.বি. | সদস্য |
| ৬। | জনাব মোঃ সাইফুল ইসলাম, নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, কু.বি. | বিকল্প ফোকাল পয়েন্ট |
| ৭। | জনাব এ. এম. সাইদুর রশীদ, প্রোগ্রামার, আইসিটি সেল, কু.বি. | ফোকাল পয়েন্ট |

সভার আহ্বায়ক উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্যসূচি ১: সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন প্রসঙ্গে।

আলোচনা ও সুপারিশ :

বিশ্ববিদ্যালয়ের সেবা প্রক্রিয়া সহজিকরণের লক্ষ্যে বিভিন্ন ম্যানুয়াল সার্ভিস আটোমেশন পদ্ধতিতে চালুর বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে।

আলোচ্যসূচি ২: ইত:পূর্বে বাস্তবায়িত সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা চালু অব্যাহত রাখা প্রসঙ্গে।

আলোচনা ও সুপারিশ :

ইত:পূর্বে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের জন্য বাস্তবায়িত সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা 'কুমিল্লা বিশ্ববিদ্যালয় মোবাইল অ্যাপস' সার্ভিসটি চলমান রয়েছে।

আলোচ্যসূচি ৩: ইনোভেশন প্রদর্শনী আয়োজন প্রসঙ্গে।

আলোচনা ও সুপারিশ :

ইনোভেশন প্রদর্শনী আয়োজনের বিষয়ে কমিটি আলোচনা করেন এবং আলোচনা শেষে বিভিন্ন বিভাগ/দপ্তরে চিঠি পাঠিয়ে বিশ্ববিদ্যালয়ের সকল স্টেকহোল্ডার ও ছাত্রছাত্রী হতে উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহ্বানের বিষয়ে কমিটি সুপারিশ করেন।

আলোচ্যসূচি ৪: ই-নথির ব্যবহার বৃদ্ধি প্রসঙ্গে।

আলোচনা ও সুপারিশ :

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ই-নথি কার্যক্রম চালুর বিষয়ে একটি কমিটির কার্যক্রম বর্তমানে চলমান রয়েছে। ই-নথি সম্পূর্ণ ভাবে চালু হবার পর ব্যবহার বৃদ্ধির ব্যাপারে কমিটি উদ্যোগ গ্রহণ করবেন।

আলোচ্যসূচি ৫: তথ্য বাতায়ন হালনাগাদকরণ প্রসঙ্গে।

আলোচনা ও সুপারিশ :


তথ্য বাতায়ন হালনাগাদের বিষয়টি আইসিটি সেলের ওয়েবসাইট হালনাগাদকারী কর্মকর্তা যথাযথ ভাবে প্রতিনিয়ত হালনাগাদ করছে।

আলোচ্যসূচি ৬: স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কর্মশালা আয়োজন প্রসঙ্গে।

আলোচনা ও সুপারিশ :

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে কমিটি স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বিষয়ক কর্মশালা/সভা/সেমিনার আয়োজনের জন্য IQAC এর পরিচালক বরাবর চিঠি পাঠানোর ব্যাপারে কমিটি সর্বসম্মত ভাবে সুপারিশ প্রদান করেন।

সভায় আর কোনো বিষয়ে আলোচনা না থাকায় আহ্বায়ক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

 24.9.23


(এ. এম. এম. সাইদুর রশীদ)

প্রোগ্রামার, আইসিটি সেল

ও

ফোকাল পয়েন্ট

ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কমিটি।



(ড. মাহমুদুল হাছান)

ডিন, প্রকৌশল অনুষদ

ও

আহ্বায়ক

ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কমিটি।